# জাতীয় কৃষি আবহাওয়া
# পরামর্শ সেবা বুলেটিন

## ০৭ সেপ্টেম্বর  ২০২২ (বুধবার)
## [সময়কালঃ ০৭.০৯.২০২২-১১.০৯.২০২২]



ডিসক্লেইমার

কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্পের আওতায় পরীক্ষামুলকভাবে জাতীয় পর্যায়ে এবং ৬৪ টি জেলায় প্রেরণের লক্ষ্যে  কৃষি আবহাওয়া সংক্রান্ত পরামর্শ সেবা সম্বলিত বুলেটিন তৈরী করা হয়েছে। সংশ্লিষ্ট সকলের মূল্যবান মতামত ও পরামর্শের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হলো।

# মুখ্য কৃষি আবহাওয়া পরামর্শ

**করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণ থেকে রক্ষার জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ:**
করোনা ভাইরাসের সংক্রমণ থেকে রক্ষার জন্য ফসল সংগ্রহ বা ব্যবস্থাপনার সময় সামাজিক দূরত্ব বজায় রাখুন, মুখে মাস্ক ব্যবহার করুন এবং বাংলাদেশ সরকারের অন্যান্য দিক নির্দেশনা মেনে চলুন।

**আবহাওয়া পরিস্থিতি ও কৃষি আবহাওয়া পরামর্শ:**

মৌসুমী বায়ুর অক্ষ রাজস্থান, পাঞ্জাব, উত্তর প্রদেশ, মধ্য প্রদেশ, বিহার, পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের দক্ষিণাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। এর একটি বর্ধিতাংশ উত্তরপূর্ব বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর মোটামুটি সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরের অন্যত্র দুর্বল থেকে মাঝারি অবস্থায় রয়েছে।
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস অনুযায়ী আগামী ২৪ ঘণ্টায় রাজশাহী, রংপুর, ময়মনসিংহ, সিলেট ও চট্টগ্রাম বিভাগের কিছু কিছু জায়গায় এবং ঢাকা, খুলনা ও বরিশাল বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী বর্ষণ হতে পারে। সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। পরবর্তী ৭২ ঘণ্টায় উত্তর বঙ্গোপসাগর এবং তৎসংলগ্ন মধ্য বঙ্গোপসাগরে একটি লঘুচাপ সৃষ্টি হতে পারে। **মধ্যমেয়াদি পূর্বাভাস অনুযায়ী আগামী পাঁচ দিনে দেশের সকল জেলায় বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা রয়েছে।**

এই পরিস্থিতিতে নিম্নলিখিত কৃষি আবহাওয়া পরামর্শ প্রদান করা হলো।

**আমন ধান:**

- সর্বোচ্চ কুশি পর্যায় পর্যন্ত জমির পানির স্তর ৫-৭ সেমি রাখুন।
- চারা রোপণের ১০-১৫ দিন পর প্রথমবার, ৩০-৩৫ দিন পর দ্বিতীয়বার আগাছা নিধন করতে হবে।
- চারা রোপণের ১৫-২০ দিন পর এক তৃতীয়াংশ নাইট্রোজেন সার উপরিপ্রয়োগ করুন। বৃষ্টিপাতের পর এই কাজ করতে হবে।
- নিয়মিত মাঠ পর্যবেক্ষণ করুন। মাজরা পোকা, পামরি পোকা, চুঙ্গী পোকা, গল মাছির আক্রমণ থেকে রক্ষার জন্য আলোক ফাঁদ ব্যবহার করুন।
- চারা ও কুশি পর্যায়ে পাতা মোড়ানো পোকা বা পামরী পোকার আক্রমণ দেখা দিতে পারে। যদি একটি গোছায় পাতা মোড়ানো পোকা দ্বারা ক্ষতিগ্রস্থ একটি পাতা দেখা যায় অথবা একটি পামরী পোকার উপস্থিতি চোখে পড়ে তাহলে বৃষ্টিপাতের পর প্রতি লিটার পানিতে ১.৫ মিলি ক্লোরোপাইরিফস ২০ ইসি বা মনোক্রোটোফস ৪০ ইসি মিশিয়ে স্প্রে করুন।
- মাজরা পোকা অথবা পাতা খেকো পোকার আক্রমণ দেখা দিলে প্রতি একরে ১২ কেজি হারে কার্বোফুরান ৩ জি প্রয়োগ করুন।
- বৃষ্টিপাতের পর বালাইনাশক প্রয়োগ করুন।

**সবজি:**

- জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশনের পর্যাপ্ত ব্যবস্থা রাখুন।
- ব্যাভিস্টিন অথবা ম্যানকোজেব দিয়ে শোধন করে আগাম বাধাকপি ও ফুলকপির বীজ বপন করুন।
- মূল জমিতে টমেটো, বেগুন ও মরিচের চারা রোপণ করুন।
- বেগুনের ডগা ও ফল ছিদ্রকারী পোকার আক্রমণ দেখা দিলে আক্রান্ত ফল ও ডগা সরিয়ে ফেলুন ও ৫% নিম বীজ নির্যাস স্প্রে করুন।
- ঢেঁড়শের লাল মাকড় আক্রমণ করলে ৫% নিম বীজ নির্যাস স্প্রে করুন।

- টমেটোর ফল পচা রোগ দেখা দিলে মাটির ১৫ থেকে ২০ সেমি ওপরের হলুদ পাতা কেটে নিয়ে মাটিতে পুতে ফেলতে হবে এবং প্রতি ১০০ লিটার পানিতে ২৫০ গ্রাম ম্যানকোজেব অথবা রিডোমিল মিশিয়ে ৮-১০ দিন পর পর স্প্রে করতে হবে।
- বৃষ্টিপাতের পর বালাইনাশক স্প্রে করুন।

**উদ্যান ফসল:**

- আম, লিচু, কাঁঠাল, পেয়ারা, জাম, লেবুর নতুন চারা রোপণ করুন।
- ডালিমের পাতা পোড়া বা লেবুর লিফ মাইনর প্রভৃতি রোগের জন্য উদ্যান ফসলে বালাই ব্যবস্থাপনা করতে হবে।
- ডালিমের ব্লাইট ও ফল পচা রোগ থেকে রক্ষার জন্য ২০০ লিটার পানিতে ৬০০ গ্রাম ম্যানকোজেব ও ১০০ গ্রাম কার্বেন্ডাজিম মিশিয়ে স্প্রে করুন। থ্রিপস পোকার আক্রমণ হলে প্রতি ১০ লিটার পানিতে ১০ মিলি স্পাইনোসাড ২.৫ এসসি মিশিয়ে স্প্রে করুন।
- কলাগাছ রোপণ করুন। আন্ত পরিচর্যা করতে হবে।
- মৌসুমী বৃষ্টিপাতের কারণে কলায় সিগাটোকা রোগ হবার সম্ভাবনা রয়েছে। আক্রান্ত পাতা কেটে নিয়ে পুড়িয়ে ফেলুন। আক্রমণ দেখা দেওয়ার সাথে সাথে ১% বোর্দো মিক্সচার ১৫ দিন পর পর ৫ থেকে ৬ বার স্প্রে করুন।
- বৃষ্টিপাতের পর বালাইনাশক স্প্রে করুন।

**আখ:**

- প্রয়োজন অনুযায়ী আন্ত পরিচর্যা করুন।
- জমি সুনিষ্কাশিত রাখুন।
- রেড রট রোগ থেকে বাঁচার জন্য জমিতে পানি জমতে দেবেন না এবং আক্রান্ত আখ তুলে ফেলুন।
- টপ শুট বোরার নিয়ন্ত্রণের জন্য বালাই ব্যবস্থাপনা করুন।
- বৃষ্টিপাতের পর বালাইনাশক স্প্রে করুন।

**হলুদ:**

- উচ্চ আপেক্ষিক আর্দ্রতায় হলুদের পাতায় দাগ রোগ দেখা দিলে বৃষ্টিপাতের পর হেক্টর প্রতি ১ কেজি হারে ম্যানকোজেব প্রয়োগ করুন।
- রাইজোম পচা রোগ হলে বৃষ্টিপাতের পর আক্রান্ত জায়গায় প্রতি লিটার পানিতে ২ গ্রাম হারে 0.3% ম্যানকোজেব ৭৫ ডব্লিউপি প্রয়োগ করুন।
- জমি সুনিষ্কাশিত রাখুন।

**তুলা:**

- তুলা বপন করুন।
- আর্দ্র আবহাওয়ায় রোগবালাই এর আক্রমণ বেড়ে যেতে পারে। সঠিক অবস্থা জানার জন্য নির্দিষ্ট ফেরোমন ফাঁদ স্থাপন করুন। আক্রমণ বেশি হলে বৃষ্টিপাতের পর অনুমোদিত বালাইনাশক প্রয়োগ করুন।

**পান:**

- ঝোড়ো হাওয়ায় যেন ভেঙে না যায় সেজন্য পানের বরজে শক্ত করে বেড়া দিন।
- নিষ্কাশন নালা পরিষ্কার রাখুন এবং বরজের ভেতরে মুক্ত বায়ু চলাচলের ব্যবস্থা করুন।
- জমিতে কাটিং লাগানোর জন্য রোগমুক্ত কাটিং নির্বাচন করতে হবে এবং লাগানোর আগে ০.৫% বর্দো মিক্সচার ও ৫০০ পিপিএম স্ট্রেপ্টোসাইক্লিন দিয়ে আধ ঘণ্টা শোধন করে নিতে হবে। লাগানোর আগে মাটিতে ম্যানকোজেব ৭৫ ডব্লিউপি (প্রতি লিটার পানিতে ২.৫ গ্রাম হারে) প্রয়োগ করতে হবে।

**গবাদি পশু:**

- গবাদি পশুর খুরা রোগ দেখা দিলে-
    - শুধুমাত্র শুকনো খাবার খাওয়ান
    - গোয়ালঘর পরিষ্কার পরিচ্ছন্ন ও শুকনো রাখুন
    - গোয়ালঘরে জীবাণুনাশক যেমন ব্লিচিং পাউডার ব্যবহার করুন
    - পানিতে নিমজ্জিত মাঠে গবাদি পশুকে যেতে দেওয়া যাবে না
    - মুখে ও পায়ে ক্ষত দেখা দিলে ক্ষতের জায়গাটি পটাশিয়াম পার ম্যাঙ্গানেট দ্রবণ দিয়ে ধুয়ে দিন
- গবাদি পশুকে নিয়মিত টীকা প্রদান করুন।
- যে কোন রোগের লক্ষণ দেখা দিলে যথাযথ চিকিৎসার জন্য দ্রুত পশু চিকিৎসকের পরামর্শ নিন।

**হাঁসমুরগী:**

- খোয়াড়ে জীবাণুনাশক স্প্রে করে তারপর হাঁসমুরগী রাখুন।
- চিকিৎসকের পরামর্শ অনুযায়ী টীকা প্রদান করুন।
- শুকনো খাবার খেতে দিন এবং পরিষ্কার পানি পান করান।
- বর্তমান আবহাওয়ায় হাঁসমুরগীর অন্ত্রের পরজীবীর আক্রমণ হতে পারে। সেজন্য খোয়াড় পরিষ্কার পরিচ্ছন্ন রাখা গুরুত্বপূর্ণ।

**মৎস্য:**

- পুকুরে মাছের পোনা ছাড়ুন।
- পোনা ছাড়ার আগে অপ্রয়োজনীয় মাছ বের করে নিন।
- যে কোন পরামর্শের জন্য স্থানীয় মৎস্য অফিসের সাথে যোগাযোগ রাখুন।

# দেশের বিভিন্ন এলাকার আবহাওয়া পরিস্থিতি:

গত ২৪ ঘন্টায় বৃষ্টিপাতের পরিমান (০৭ সেপ্টেম্বর ২০২২, সকল ০৬ টা পর্যন্ত) এবং ০৬ সেপ্টেম্বর ২০২২ এ সর্বোচ্চ তাপমাত্রা, ০৭ সেপ্টেম্বর ২০২২ এ সর্বোনিম্ন তাপমাত্রা নিচে দেওয়া হলো:

| বিভাগের নাম | পর্যবেক্ষণা-গারের নাম | বৃষ্টিপাতের পরিমাণ (মি: মি:) | সর্বোচ্চ তাপমাত্রা | সর্বনিম্ন তাপমাত্রা | বিভাগের নাম | পর্যবেক্ষণা-গারের নাম | বৃষ্টিপাতের পরিমাণ (মি: মি:) | সর্বোচ্চ তাপমাত্রা | সর্বনিম্ন তাপমাত্রা |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ঢাকা | ঢাকা | ১৪ | ৩২.৫ | ২৬.৮ | চট্টগ্রাম | চট্টগ্রাম | ০০ | ৩৩.২ | ২৭.৭ |
| | টাঙ্গাইল | ০০ | ৩০.৫ | ২৬.৫ | | সন্দ্বীপ | ০১ | ৩৩.০ | ২৭.৩ |
| | ফরিদপুর | ২১ | ৩৩.৮ | ২৭.২ | | সীতাকুন্ড | ০০ | ৩৩.০ | ২৬.৫ |
| | মাদারীপুর | ১৪ | ৩৩.৮ | ২৭.০ | | রাঙ্গামাটি | ০০ | ৩৪.৫ | ২৫.৮ |
| | গোপালগঞ্জ | ০০ | ৩৪.০ | ২৭.৫ | | কুমিল্লা | ১৩ | ৩৪.০ | ২৬.৩ |
| | নিক্‌লি | ০০ | ৩১.৫ | ২৬.৭ | | চাঁদপুর | ০০ | <u>৩৪.৯</u> | ২৭.৫ |
| | | | | | | মাইজদীকোর্ট | ০০ | ৩৩.৮ | ২৭.৫ |
| রাজশাহী | রাজশাহী | ০৭ | ৩০.৪ | ২৬.৫ | | ফেনী | ০৬ | ৩৩.০ | ২৬.০ |
| | ঈশ্বরদী | ০২ | ২৯.৩ | <u>২৪.৫</u> | | হাতিয়া | ০২ | ৩২.৭ | ২৬.৫ |
| | বগুড়া | ০৫ | ৩২.০ | ২৬.৮ | | কক্সবাজার | ০১ | ৩৩.০ | ২৬.৬ |
| | বদলগাছী | ০০ | ৩০.৫ | ২৬.৫ | | কুতুবদিয়া | ০০ | ৩৩.০ | ২৫.৫ |
| | তাড়াশ | ০৪ | ৩০.০ | ২৬.০ | | টেকনাফ | ০০ | ৩২.৫ | ২৬.০ |
| রংপুর | রংপুর | ০০ | ৩৩.৩ | ২৬.৮ | খুলনা | খুলনা | ০০ | ৩৪.২ | ২৮.০ |
| | দিনাজপুর | ০০ | ৩২.১ | ২৬.৮ | | মংলা | ০৬ | ৩৪.১ | ২৭.২ |
| | সৈয়দপুর | ০৪ | ৩২.৭ | ২৭.০ | | সাতক্ষীরা | ০৪ | ৩৩.৩ | ২৭.৫ |
| | তেঁতুলিয়া | ২০ | ৩২.০ | ২৫.৩ | | যশোর | সামান্য | ৩৩.২ | ২৬.৪ |
| | ডিমলা | ০০ | ৩১.৫ | ২৭.০ | | চুয়াডাঙ্গা | <u>৪৪</u> | ৩১.৭ | ২৬.০ |
| | রাজারহাট | ০০ | ৩২.০ | ২৪.৬ | | কুমারখালী | ২৩ | ৩২.০ | ২৬.০ |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | সামান্য | ২৯.৭ | ২৬.২ | বরিশাল | বরিশাল | ০০ | ৩৪.৫ | ২৬.৭ |
| | নেত্রকোনা | ০০ | ২৯.৫ | ২৬.০ | | পটুয়াখালী | সামান্য | ৩৩.৫ | ২৭.৪ |
| | | | | | | খেপুপাড়া | ০৯ | ৩৩.৫ | ২৭.২ |
| সিলেট | সিলেট | ০১ | ৩২.৩ | ২৬.৪ | | ভোলা | ০০ | ৩৪.২ | ২৬.৮ |
| | শ্রীমঙ্গল | ১০ | ৩৩.৫ | ২৫.৬ | | | | | |

## প্রধান বৈশিষ্ট সমূহ:


- গত সপ্তাহে দেশের দৈনিক উজ্জ্বল সূর্যকিরণ কালের গড় ৩.৯১ ঘন্টা ছিল |
- গত সপ্তাহে দেশের দৈনিক বাষ্পীভবনের গড় ৩.০৪ মি: মি: ছিল |


# সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:


**পূর্বাভাস:** রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, সিলেট ও চট্টগ্রাম বিভাগের কিছু কিছু জায়গায় এবং ঢাকা, খুলনা ও বরিশাল বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরণের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরণের ভারি বর্ষণ হতে পারে।


**তাপমাত্রা:** সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।


**সপ্তাহের শেষে (০৬ সেপ্টেম্বর ২০২২ পর্যন্ত) আবহাওয়া প্যারামিটারের স্থানিক বন্টন:**






Minimum Temperature (°C)
(31/08/2022 - 06/09/2022)
(°C)
24 25 26 27 28



Anomaly Minimum Temperature (°C)
(31/08/2022 - 06/09/2022)
(°C)
-2 0 2



Diurnal Temperature (°C)
(31/08/2022 - 06/09/2022)
(°C)
4 6 8 10


Anomaly Diurnal Temperature (°C)
(31/08/2022 - 06/09/2022)
(°C)
-2 0 2 4


Maximum Humidity (%)
(31/08/2022 - 06/09/2022)
(%)
92 94 96 98 100


Minimum Humidity (%)
(31/08/2022 - 06/09/2022)
(%)
42 52 62 72 80


Wind Speed (knots)
(31/08/2022 - 06/09/2022)
(knots)
0 2 4 6


Cloud Amount (Octa)
(31/08/2022 - 06/09/2022)
(Octa)
4 5 6 7 8

## আবহাওয়ার পূর্বাভাস:


## আবহাওয়ার পূর্বাভাস ০৮/০৯/২০২২ হতে ১৪/০৯/২০২২ তারিখ পর্যন্ত:


এ সপ্তাহে দৈনিক উজ্জ্বল সূর্য কিরণ কাল ৩.০০ থেকে ৫.০০ ঘন্টার মধ্যে থাকতে পারে ।


এ সপ্তাহে বাষ্পীভবনের দৈনিক গড় ৩.০০ মি.মি. থেকে ৪.০০ মি.মি. থাকতে পারে।


- এ সময়ের প্রথমার্ধে চট্টগ্রাম, খুলনা ও বরিশাল বিভাগের কিছু কিছু স্থানে (২৬%-৫০% এলাকা) এবং ঢাকা, রাজশাহী, রংপুর ময়মনসিংহ ও সিলেট বিভাগের দুই এক স্থানে (১%-২৫% এলাকা) অস্থায়ী দমকা হাওয়ার সাথে বিজলী চমকানোসহ হালকা (০৪-১০ মি.মি./দিন) থেকে মাঝারি (১১-২২ মি.মি./দিন) ধরণের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে সেইসাথে উক্ত বিভাগসমূহের কোথাও কোথাও বিচ্ছিন্নভাবে মাঝারি ধরণের ভারী (২৩-৪৩ মি.মি./দিন) বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।
- এ সময়ের দ্বিতীয়ার্ধে খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ স্থানে (৭৬%-১০০% এলাকা) অস্থায়ী দমকা হাওয়ার সাথে বিজলী চমকানোসহ হালকা (০৪-১০ মি.মি./দিন) থেকে মাঝারি (১১-২২ মি.মি./দিন) ধরণের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে সেইসাথে উক্ত বিভাগসমূহের কোথাও কোথাও বিচ্ছিন্নভাবে ভারী (৪৪-৮৮ মি.মি./দিন) থেকে অতি ভারী (৮৮ মি.মি./দিন এর অধিক) বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে; ঢাকা, রাজশাহী, রংপুর ও ময়মনসিংহ বিভাগের অনেক স্থানে (৫১%-৭৫% এলাকা) অস্থায়ী দমকা হাওয়ার সাথে বিজলী চমকানোসহ হালকা (০৪-১০ মি.মি./দিন) থেকে মাঝারি (১১-২২ মি.মি./দিন) ধরণের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে সেইসাথে উক্ত বিভাগসমূহের কোথাও কোথাও বিচ্ছিন্নভাবে মাঝারি ধরণের ভারী (২৩-৪৩ মি.মি./দিন) থেকে ভারী (৪৪-৮৮ মি.মি./দিন এর অধিক) বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।
- এ সময়ের প্রথমার্ধে সারা দেশের দিন ও রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে এবং দ্বিতীয়ার্ধে (২-৩° সে.) কমতে পারে।


**আগামী ০৫ দিনের জেলাওয়ারী পরিমাণগত আবহাওয়া পূর্বাভাস (**০৭সেপ্টেম্বর **হতে** ১১ সেপ্টেম্বর **২০২২ পর্যন্ত)**









Minimum Temperature (°C)
(07/09/2022 - 11/09/2022)
24 25 26 27
(°C)


Maximum Humidity (%)
(07/09/2022 - 11/09/2022)
71 76 81 86 91
(%)


Minimum Humidity (%)
(07/09/2022 - 11/09/2022)
65 69 73 77 80
(%)


Diurnal Temperature (°C)
(07/09/2022 - 11/09/2022)
7 9 11 13
(°C)


Wind Speed (knots)
(07/09/2022 - 11/09/2022)
Dinajpur
Rangpur
Sherpur
Netrakona
Sunamganj
Sylhet
Mymensingh
Kishoreganj
Habiganj
Moulvibazar
Naogaon
Bogra
Rajshahi
Natore
Sirajganj
Tangail
Gazipur
Pabna
Rajbari
Faridpur
Jashore
Comilla
Noakhali
Feni
Rangamati
Bandarban
4 6 8 10
(knots)